দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 JUL 2012 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ২

# অনুমোদন পেলেও আর্থিক সঙ্কটে ৬টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষাক্রম শুরু হয়নি

**ঢাকায় অনুমোদন পাওয়া দু'টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরু করেছে**

☐ নিপা চৌধুরী : সরকারের কাছে অনুমোদন পেয়েও নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো তাদের শিক্ষা কার্যক্রম শুরু করেনি। গত ১৩ মার্চ সরকার আটটি নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয়কে অনুমোদন দেয়। এর মধ্যে ঢাকায় অনুমোদন পাওয়া দু'টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরু করেছে। অন্যদিকে, বাকি ছয়টি বিশ্ববিদ্যালয় আর্থিক সঙ্কটের কারণে শিক্ষাক্রম শুরু করতে পারছে না। মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, শিক্ষা কার্যক্রম শুরু করতে ক্যাম্পাস ভাড়া নেয়া, শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, লাইব্রেরি, ল্যাবরেটরি প্রস্তুত, বিশ্ববিদ্যালয়ের নামে জমি কেনাসহ বহু কাজ করতে হয়। খোঁজ নিয়ে জানা গেছে, ঢাকার বাইরের ৬টি বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব কোন জমি

পৃঃ ১২ কঃ ৬

## অনুমোদন পেলেও আর্থিক

১৬-এর পৃষ্ঠার পর

নেই। শিক্ষক নেই, পছন্দমাফিক বিষয়ভিত্তিক কোর্স নেই। এছাড়াও এদের বিশ্ববিদ্যালয় চালু করতে অনেক অর্থের দরকার। এসব বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরু করতে না পারার মূল কারণ হচ্ছে আর্থিক সঙ্কট। আবেদনকারীরা তাদের বিশ্ববিদ্যালয়ের অনুমোদন পাবেন কিনা তা নিয়েও সংশয়ে ছিলেন বলে এখনও টাকা বিনিয়োগ করেননি। তাই অনুমোদন পাওয়ার পর বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষরা কোটি কোটি টাকা বিনিয়োগ করতে পারছেন না। এজন্য অনেক কর্তৃপক্ষ তাদের মালিকানার শেয়ার ছেড়েছেন। এর পাশাপাশি মোটা অঙ্কের টাকার বিনিময়ে ট্রাস্টি বোর্ডে নতুন সদস্য অন্তর্ভুক্ত করার প্রক্রিয়া চলছে। এ অবস্থায় কবে নাগাদ বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা কার্যক্রম শুরু হবে, তা নিশ্চিত করে বলতে পারেনি মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

জানতে চাইলে ইউজিসির সদস্য অধ্যাপক আতফুল হাই শিবলী জানান, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষরাই বলতে পারবেন, কবে তারা শিক্ষা কার্যক্রম শুরু করবেন।

জানা গেছে, নতুন ৮টি অনুমোদনপ্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাকায় রয়েছে ২টি। বাকি ৬টি ঢাকার বাইরে। নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, রাজশাহী, সিলেট, শরীয়তপুর ও চুয়াডাঙ্গায় একটি করে বিশ্ববিদ্যালয় রয়েছে।

ঢাকাতে 'ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ' (মিরপুরের শাহ আলীবাগের জনতা হাউজিং, প্লট নং ২১১-২১২) ও 'বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজি' (ঢাকার উত্তরা মডেল টাউন, সেক্টর-৭) বিশ্ববিদ্যালয়। 'ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ' আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মহিউদ্দীন খান আলমগীরের নামে এবং গার্মেন্টস ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন বিজিএমইএর বিশ্ববিদ্যালয় হচ্ছে বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজি'। এছাড়া বাকি ৬টি বিশ্ববিদ্যালয় মধ্যে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে 'হামদর্দ বিশ্ববিদ্যালয়'-এর উদ্যোক্তা হচ্ছেন ড. হাকীম মোঃ ইউসুফ হারুন ভূঁইয়া। কিশোরগঞ্জে প্রতিষ্ঠার জন্য অনুমতি মিলেছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. দুর্গাদাস ভট্টাচার্যের 'ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ'। রাজশাহীতে অনুমোদন পেয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক সাইদুর রহমানের ছেলে হাফিজুর রহমান খানের 'বরেন্দ্র বিশ্ববিদ্যালয়', সিলেটের গোলাপগঞ্জে প্রতিষ্ঠার অনুমতি পেয়েছে 'নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ'। এ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা হচ্ছে স্থানীয় আওয়ামী লীগ নেতা ইকবাল আহমেদ। শরীয়তপুরে পেয়েছে জেডএইচ সিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। এছাড়া চুয়াডাঙ্গায় 'ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি, চুয়াডাঙ্গা' নামে বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুমতি পেয়েছেন সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দার।

বিশ্ববিদ্যালয়গুলোর সম্পর্কে খোঁজ নিয়ে জানা গেছে, রাজশাহীর বেসরকারি 'বরেন্দ্র বিশ্ববিদ্যালয়' এ শিক্ষা কার্যক্রম প্রক্রিয়া শুরু করছে। এ বিশ্ববিদ্যালয়ে সামার সেমিস্টারে ফার্মেসি চালু করা হয়েছে। আরো কয়েকটি বিভাগ খোলার পরিকল্পনা করা হচ্ছে। চুয়াডাঙ্গায় ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষ আগামী সেপ্টেম্বর থেকে ভর্তি ও ক্লাস শুরুর পরিকল্পনা করছে। চুয়াডাঙ্গা সদর উপজেলার ডিঙ্গেদহ হানুরবাড়াদি গ্রামে ভার্সিটির স্থায়ী ক্যাম্পাস নির্মাণ করা হবে। ট্রাস্টি বোর্ডের নামে ইতিমধ্যেই ১৫ বিঘা জমি কেনা হয়েছে। শরীয়তপুরের মধুপুর গ্রামে নির্মিত হচ্ছে আব্দুল হক সিকদার এর 'জেড এইচ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়'। ২ একর জমির ওপর তিতল ভবন নির্মিত হয়েছে বিশ্ববিদ্যালয়টি। চলতি বছরের ২৮ মে থেকে ক্লাস শুরু হয়েছে। এখনে ২২৮ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। ১৫ জন শিক্ষক নিয়ে এটি পরিচালিত হচ্ছে। বর্তমানে সিভিল ইঞ্জিনিয়ারিং, বিবিএ ও ল' কোর্স চালু হয়েছে। গতমাসে সিলেটের গোলাপগঞ্জে 'নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ' এর যাত্রা শুরু হয়েছে। কিশোরগঞ্জের শহরের নীলগঞ্জ রোডকে সদ্য নির্মিত একটি বাড়ি ভাড়া করে ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রাথমিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

সার্বিক বিষয়ে ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক একে আজাদ চৌধুরী জানান, সরকার চায় অনুমোদনপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়গুলো ঠিক সময়ে তাদের শিক্ষা কার্যক্রম শুরু করুক। তিনি বলেন, কোর্স-কারিকুলাম অনুমোদনের জন্য কেউ কেউ ইউজিসিতে আবেদন করেছেন। সেগুলো যাচাই-বাছাই করা হচ্ছে।